দৈনিক বাংলা

১৪

তারিখ 13 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ২

# স্বাধীনতাকে অর্থবহ করতে সাক্ষরতার হার বাড়াতে হবে ঃ প্রেসিডেন্ট বিশ্বাস

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস বৃহস্পতিবার দেশে সাক্ষরতার হার বাড়িয়ে কষ্টার্জিত স্বাধীনতা অর্থবহ করে তোলার আহবান জানিয়েছেন।

তিনি বঙ্গভবনে বাংলাদেশ বেসরকারী

(৭-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্ট বিশ্বাস

(প্রথম পৃঃ পর)

প্রাথমিক স্কুল শিক্ষক সমিতির প্রতিনিধি দলের সঙ্গে মত বিনিময় করছিলেন।

সমিতির ৮ সদস্যের একটি প্রতিনিধি দল প্রেসিডেন্টের সঙ্গে দেখা করতে যায়। খবর বাসসর। প্রেসিডেন্ট বয়স্ক শিক্ষা প্রসারের প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি বলেন, অশিক্ষিত ব্যক্তিদের জন্য শিক্ষার ক্ষেত্র গড়ে তোলা জনসাধারণের শিক্ষিত অংশের দায়িত্ব।

প্রেসিডেন্ট উল্লেখ করেন, দেশকে খাদ্য ও বস্ত্রে স্বনির্ভর করে তোলা এবং সবার উপযুক্ত শিক্ষার মাধ্যমে বাঞ্ছিত লক্ষ্যে সমাজকে এগিয়ে নিয়ে যাওয়া ছিল স্বাধীনতা যুদ্ধের লক্ষ্য।

তিনি বলেন, এই লক্ষ্যে পৌছার জন্য শিক্ষার কোন বিকল্প নেই। দেশের সার্বিক উন্নতির জন্য শিক্ষা ও উৎপাদন সম্পর্কে জনসাধারণকে উদ্বুদ্ধ করার উদ্দেশ্যে আন্দোলন গড়ে তুলতে প্রেসিডেন্ট শিক্ষকদের প্রতি আহবান জানান।

এ প্রসঙ্গে তিনি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের উদ্যোগে নেয়া গণ-সাক্ষরতা কর্মসূচীর কথা উল্লেখ করেন। তিনি জানান, নিরক্ষর লোকজনের মাঝে শিক্ষা বিস্তারের জন্য বর্তমান সরকার ইতিমধ্যে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে।

বেসরকারী প্রাথমিক স্কুল শিক্ষক সমিতির সহসভাপতি আক্কাস আলী শেখ প্রতিনিধিদলের নেতৃত্ব করেন। তাঁরা প্রেসিডেন্টের কাছে ৯ দফা দাবীর একটি স্মারকলিপি পেশ করেন।

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস তাদের দাবী সহানুভূতির সঙ্গে বিবেচনার আশ্বাস দেন।